১০ (দশ) টাকা ও ১০০/-(একশত) টাকায় খোলা ব্যাংক হিসাবের মাসিক অগ্রগতি প্রতিবেদন।

(ফেব্রুয়ারি ২৮, ২০১৪ ভিত্তিক)

বাংলাদেশ ব্যাংকের চলমান আর্থিক অন্তর্ভুক্তি (Financial Inclusion) কার্যক্রমের আওতায় বিআরপিডি সার্কুলার নং-০১/২০১০, ০৭/২০১০, ২৯/২০১০, ০৪/২০১১, ০৫/২০১১, ০৮/২০১১, ১৭/২০১২; জিবিসিএসআরডি সার্কুলার নং-০১/২০১৩, ০৩/২০১৩ এর মারফত কৃষক, অতি দরিদ্র, মুক্তিযোদ্ধা, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী, ক্ষুদ্র জীবন বীমা পলিসি গ্রহীতা, অতি-দরিদ্র মহিলা, আইলা দুর্গত ব্যক্তি, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের দুঃস্থ পুনর্বাসনের অনুদানপ্রাপ্ত ব্যক্তিবর্গের এবং ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন শ্রমিকদের জন্য ১০(দশ) টাকা ও ১০০(একশত) টাকা জমাকরণপূর্বক ব্যাংক হিসাব খোলার জন্য সরকারী মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংকসমূহকে নির্দেশনা প্রদান করা হয়। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার আলোকে সরকারী মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক সোনালী ব্যাংক লিঃ, জনতা ব্যাংক লিঃ, অগ্রণী ব্যাংক লিঃ, রূপালী ব্যাংক লিঃ এবং বিশেষায়িত ব্যাংক বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ ও বেসিক ব্যাংক লিঃ এ ১০/- টাকা এবং ১০০/-টাকা জমাকরণের মাধ্যমে উল্লেখিত খাতে ব্যাংক হিসাব খোলার কার্যক্রম অব্যাহত আছে। আর্থিক অন্তর্ভুক্তির আওতায় সরকারী মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংকসমূহে ১০ (দশ) টাকা ও ১০০/-(একশত) টাকায় খোলা বিভিন্ন খাতভুক্ত হিসাবসমূহের ফেব্রুয়ারি ২৮, ২০১৪ ভিত্তিক মাসিক অগ্রগতির সংখ্যাচিত্র ও রেখাচিত্র নিম্নে উপস্থাপিত হলোঃ

ছক-১ঃ কৃষকের ১০/- টাকায় ব্যাংক হিসাব খোলার মাসিক অগ্রগতির তথ্য

ব্যাংকের নাম	ফেব্রুয়ারি মাসে খোলা মোট হিসাব	ফেব্রুয়ারি মাসান্তে মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা
সোনালী ব্যাংক লিঃ	৫৮৮	২,২৭৮,৮৩০
জনতা ব্যাংক লিঃ	০	১,৪৯২,৬৪৬
অগ্রনী ব্যাংক লিঃ	২৮৯	১,৪৫৯,৬৯১
রূপালী ব্যাংক লিঃ	৯৪	৪৮৭,৪৩৫
বাংলাদেশ কৃষি ব্যাংক	০	২,৫২৯,০৫০
বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ	০	০
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	০	১,৪৩০,৮৭৩
বেসিক ব্যাংক লিঃ	৮৯	৫০০
মোট	**১,০৬০**	**৯,৬৭৯,০২৫**

ফেব্রুয়ারি মাসে কৃষকের ব্যাংক হিসাব খোলার মাসিক অগ্রগতির চিত্র(চিত্র- ১ ও চিত্র- ২)



চিত্র-১ঃ ফেব্রুয়ারি মাসে খোলা মোট হিসাব

চিত্র-২ঃ ফেব্রুয়ারি মাসান্তে খোলা মোট হিসাব



বিশ্লেষণঃ ছক-১ এর তথ্য অনুসারে ২০১৪ সালে ফেব্রুয়ারি মাসে চারটি ব্যাংকে (সোনালী ব্যাংক লিঃ, অগ্রণী ব্যাংক লিঃ, রূপালী ব্যাংক লিঃ, বেসিক ব্যাংক লিঃ) কৃষকের ১০/- টাকায় ব্যাংক হিসাব খোলা হয়েছে। এর মধ্যে সবচেয়ে বেশী সংখ্যক হিসাব খোলা হয়েছে সোনালী ব্যাংকে (৫৮৮)। ফেব্রুয়ারি মাস পর্যন্ত আটটি ব্যাংকে সর্বমোট ৯,৬৭৯,০২৫ টি হিসাব খোলা হয়েছে যার মধ্যে সবচেয়ে বেশী পুঞ্জীভূত হিসাব খোলা হয়েছে বাংলাদেশ কৃষি ব্যাংকে (২,৫২৯,০৫০)। জনতা ব্যাংক, বাংলাদেশ কৃষি ব্যাংক, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক চলতি মাসে কৃষকের জন্য কোন হিসাব খোলেনি। উল্লেখ্য, এখন পর্যন্ত বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ এ ১০/- টাকার বিনিময়ে কৃষকের কোন ব্যাংক হিসাব খোলা হয়নি এবং বেসিক ব্যাংক লিঃ এর মোট হিসাব সংখ্যা ৫০০ টি।

ছক-২ঃ ১০/- টাকায় (কৃষকের হিসাব ব্যতীত) ও ১০০/-টাকায় ব্যাংক হিসাব খোলার মাসিক অগ্রগতির তথ্য

ব্যাংকের নাম	ফেব্রুয়ারি মাসে খোলা মোট হিসাব সংখ্যা			
	সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী	মুক্তিযোদ্ধা	ক্ষুদ্র জীবন বীমা গ্রহীতা (৳১০০/- হিসাব)	অন্যান্য ১০/- টাকার হিসাব* (হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট হতে অনুদানপ্রাপ্ত দুঃস্থ ব্যক্তি, অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর আওতায় সুবিধাভোগী শ্রমিক, আইলা দূর্গত ব্যক্তি, ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন শ্রমিক ইত্যাদি।)
সোনালী ব্যাংক লিঃ	২৭,৩২৪	১,৫৬০	১০৮	৩,৮৩৪
জনতা ব্যাংক লিঃ	৮,৫৮৫	২	২৩৩	২,৬৬৯
অগ্রনী ব্যাংক লিঃ	২৪৬	০	০	১৯৮
রূপালী ব্যাংক লিঃ	১৫	০	১০৫	২৪৮
বাংলাদেশ কৃষি ব্যাংক	১৫	০	৩০	৩০০
বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ	০	০	০	০
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	০	০	০	০
বেসিক ব্যাংক লিঃ	০	০	০	০
মোট	**৩৬,১৮৫**	**১,৫৬২**	**৪৭৬**	**৭,২৪৯**

ব্যাংকের নাম	মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা (সংশ্লিষ্ট মাস পর্যন্ত মোট)			
	সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী	মুক্তিযোদ্ধা	ক্ষুদ্র জীবন বীমা গ্রহীতা (৳১০০/- হিসাব)	অন্যান্য ১০/- টাকার হিসাব* (হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট হতে অনুদানপ্রাপ্ত দুঃস্থ ব্যক্তি, অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর আওতায় সুবিধাভোগী শ্রমিক, আইলা দূর্গত ব্যক্তি, ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন শ্রমিক ইত্যাদি।)
সোনালী ব্যাংক লিঃ	১,৪৯১,২১৩	১৩৩,৩৪২	৪,১৭২	৩৩৭,০৩১
জনতা ব্যাংক লিঃ	৩৩১,৪৩৬	৩,১৫৯	২,২৫০	৮৪,১৭১
অগ্রনী ব্যাংক লিঃ	৩৯১,৮৩২	১,১৫০	১,০০৯	১২৫,৩৯০
রূপালী ব্যাংক লিঃ	২৩,২০৫	২৩৫	৪৮০	৪৮,৮৩০
বাংলাদেশ কৃষি ব্যাংক	৫৭৮,৭২৮	২,৪৭৭	৪,৭৪৭	৩২৭,৫৪১
বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ	০	৩	০	০
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	২৫৪,৩৬২	৮১০	২,০৪০	১২০,৩৪৯
বেসিক ব্যাংক লিঃ	০	১	০	১২৬
মোট	**৩,০৭০,৭৭৬**	**১৪১,১৭৭**	**১৪,৬৯৮**	**১,০৪৩,৪৩৮**

চিত্র-৩ ও ৪ ঃ ১০/- টাকায় (কৃষকের হিসাব ব্যতীত) ও ১০০/-টাকায় ব্যাংক হিসাব খোলার মাসিক অগ্রগতির চিত্র





বিশ্লেষণঃ ছক-২ এর তথ্য অনুসারে ২০১৪ সালের ফেব্রুয়ারি মাসে ১০/- টাকায় (কৃষকের হিসাব ব্যতীত) ও ১০০/-টাকায় ব্যাংক হিসাব খোলার ক্ষেত্রে শীর্ষে রয়েছে সোনালী ব্যাংক লিঃ। এ মাসে সোনালী ব্যাংকে কৃষকের হিসাব ব্যতীত ১০/- টাকা ও ১০০/-টাকায় ৩২,৮২৬ টি হিসাব খোলা হয়েছে। এর মধ্যে হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট হতে অনুদানপ্রাপ্ত দুঃস্থ ব্যক্তি, অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর আওতায় সুবিধাভোগী শ্রমিক, আইলা দূর্গত ব্যক্তি এবং ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন শ্রমিকদের হিসাব খোলা হয়েছে ৩,৮৩৪ টি। উল্লেখ্য যে, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এবং বেসিক ব্যাংক লিঃ ২০১৪ সালের ফেব্রুয়ারি মাসে ১০/- টাকায় (কৃষকের হিসাব ব্যতীত) ও ১০০/-টাকায় কোন হিসাব খুলেনি। এছাড়া, এ হিসাবের আওতায় বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ এবং বেসিক ব্যাংক লিঃ এর হিসাব সংখ্যা অন্যান্য ব্যাংকের তুলনায় সর্বনিম্ন।

ছক-৩ঃ কৃষকের হিসাবসহ ১০/- টাকায় ও ১০০/-টাকায় ব্যাংক হিসাব খোলার মাসিক অগ্রগতির তথ্য

খাতের নাম	ফেব্রুয়ারি মাসে খোলা মোট হিসাব	ফেব্রুয়ারি মাসান্তে মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা
কৃষক	১,০৬০	৯,৬৭৯,০২৫
সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী	৩৬,১৮৫	৩,০৭০,৭৭৬
মুক্তিযোদ্ধা	১,৫৬২	১৪১,১৭৭
ক্ষুদ্র জীবন বীমা গ্রহীতা (১০০/ টাকার হিসাব)	৪৭৬	১৪,৬৯৮
অন্যান্য ১০/-টাকার হিসাব*	৭,২৪৯	১,০৪৩,৪৩৮
মোট	**৪৬,৫৩২**	**১৩,৯৪৯,১১৪**

১০/- টাকায় (কৃষকের হিসাবসহ) ও ১০০/- টাকায় ব্যাংক হিসাব খোলার মাসিক অগ্রগতির চিত্র(চিত্র-৫ ও চিত্র-৬)





বিশ্লেষণঃ ছক-৩ এর তথ্য অনুসারে ২০১৪ সালের ফেব্রুয়ারি মাসে সকল শ্রেণীতে ১০/- টাকা ও ১০০/-টাকায় মোট **৪৬,৫৩২** টি হিসাব খোলা হয়েছে। মাসান্তে সর্বমোট **১৩,৯৪৯,১১৪** টি ১০/- টাকায় ও ১০০/-টাকায় হিসাব খোলা হয়েছে। এর মধ্যে কৃষকের হিসাব সংখ্যা শতকরা ৬৯.৩৯% এবং অন্যান্য ১০/- টাকার হিসাব সংখ্যা শতকরা ৩০.৫০% । এর মধ্যে সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগীদের হিসাবের সংখ্যা শতকরা ২২.০১% এবং মুক্তিযোদ্ধাদের হিসাবের সংখ্যা শতকরা ১.০১% (চিত্র: ৬)।

---------o---------